

প্রশিক্ষার্থীদের করা প্রশ্ন ও তার উত্তরঃ

**জেলাঃ সাতক্ষীরা**

**প্রশ্ন ১) ফেসবুক লগ ইন অবস্থায় ফোন হারিয়ে গেলে কিভাবে লগ আউট করা যায়?**

**উত্তরঃ** দূর থেকে ফেসবুকে লগ আউট করার সহজ একটি প্রক্রিয়া আছে। কয়েকটি ধাপ অনুসরণ করে যে যে যন্ত্র থেকে লগ আউট করা হয়নি, তা করা যাবে।

১. ফেসবুক মেনু থেকে সেটিংস অপশনে যান এবং তা নির্বাচন করুন।

২. বাম পাশে সিকিউরিটি বাটন পাবেন, এতে ক্লিক করুন।

৩. একবার সিলেক্ট করার পর ডানদিকে কতগুলো অপশন পাবেন, যার মধ্যে রয়েছে 'হোয়ার ইউ আর লগড ইন' অপশন। এই অপশনটির পাশে এডিট বাটন পাবেন।

৪. এডিট বাটনে চাপ দিন।।

৫. এবার আপনি বর্তমান ফেসবুক ব্যবহারের সময়, স্থান ও যন্ত্রের ধরন প্রভৃতি লগ পাবেন। প্রতিটি অপশনের পাশে 'এন্ড অ্যাকটিভিটি' নামের বাটন পাবেন।

৬. যে যন্ত্র থেকে লগ আউট করতে চান, তা 'এন্ড অ্যাকটিভিটি' বাটনটিতে চাপ দিয়ে লগ আউট করতে পারবেন। আগে যতগুলো ডিভাইসে লগ ইন করা ছিল, এখান থেকে তা বন্ধ করে দিতে পারবেন।

**প্রশ্ন ২) টু-ফ্যাক্টর অথেনটিকেশন কিভাবে চালু করা যায়?**

**উত্তরঃ** ফ্যাক্টর চালু করার জন্য ফেসবুকে লগইন করে Account > Account Settings > Settings > Account Security থেকে Login Approvals এর Require me to enter a security code sent to my phone চেক করতে হবে।

এবার Next বাটনে ক্লিক করে মোবাইলে প্রাপ্ত কোড লিখে Next করতে হবে এবং Save বাটনে ক্লিক করে করতে হবে। যদি কোন মোবাইল যুক্ত করা না থাকে তাহলে যুক্ত করতে হবে। এরপর থেকে ফেসবুকে নতুন কোন ডিভাইস (কম্পিউটার) লগইন করতে গেলে মোবাইলে একটি এসএমএস (কোড) আসবে। উক্ত কোড দিয়ে লগইন সম্পন্ন করতে হবে। অন্যথায় ফেসবুকে লগইন করা যাবে না।

**প্রশ্ন ৩) কিভাবে শক্তিশালী পাসওয়ার্ড তৈরি করা যায়?**

**উত্তরঃ** আপনার ফেসবুক আইডি শক্তিশালী করতে খুবই শক্তিশালী একটি পাসওয়ার্ড ব্যবহার করা উচিত, কারণ সহজ পাসওয়ার্ড ব্যবহার করলে হ্যাকার খুব সহজেই আপনার পাসওয়ার্ডটি ভেঙে ফেলতে সক্ষম হবে। পাসওয়ার্ড তৈরি করার সময় বড় হাতের অক্ষর, ছোট হাতের অক্ষর, নাম্বার এবং চিহ্ন যুক্ত করে পাসওয়ার্ড তৈরি করুন। যেমনঃ **Bm37@H#3**

পাসওয়ার্ড তৈরি করার সময় যে তথ্যগুলো ব্যবহার করা যাবে নাঃ

১/ নিজের নাম পাসওয়ার্ড হিসাবে ব্যবহার করা যাবে না।

২/ আপনার জন্ম তারিখ পাসওয়ার্ড হিসাবে ব্যবহার করা যাবে না

৩/ আপনার মোবাইল নাম্বার পাসওয়ার্ড হিসাবে ব্যবহার করা যাবে না

প্রশ্ন ৪) অনেক সময় দেখা যায় যে ব্রাউজারে অনেক অবাস্তিত সাইটের লিংক চলে আসে এগুলো কিভাবে এড়ানো সম্ভব?

উত্তরঃ অনেক সময় দেখা যায় ব্রাউজার ওপেন করলেই বিজ্ঞাপন এবং পপআপে ভর্তি হয়ে থাকে ক্ষিফন। এসব বিরক্তিকর বিজ্ঞাপন মাঝে মাঝে আমাদের গুরুত্বপূর্ণ কাজে বাধা সৃষ্টি করে। এখানে গুগলক্রোমে কি করে এসব বিরক্তিকর বিজ্ঞাপন এবং পপআপ ব্লক করবেন তা বর্ণনা করা হলঃ

১) প্রথমেই গুগলক্রোম ব্রাউজার ওপেন করে উপরে একেবারে ডানে কোনায় কাস্টোমাইজ এবং কন্ট্রোল বাটনে ক্লিক করে করে **Settings** এ ক্লিক করুন।

২) এখন **Extensions** সিলেক্ট করে নিচে **Get more extensions** এ ক্লিক করুন।

৩) এখন সার্চ বক্সে **adblock plus** লিখে সার্চ করুন এবং **adblock** গুগলক্রোমে অ্যাড করুন।।

৪) অনুরূপভাবে **adblock plus pop up** লিখে সার্চ করে **popper blocker** গুগলক্রোমে অ্যাড করুন।

৫) এখন আপনার **Extensions** এ পুনরায় গেলে এই দুটি অ্যাডব্লকার অপশন খুঁজে পাবেন।

ব্যাস এখন দেখবেন আপনার ক্রোম ব্রাউজারে আর বিরক্তিকর ও অবাস্তিত বিজ্ঞাপন এবং পপআপ দেখাচ্ছেনা।